

বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর ইনোভেশন টিমের ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন

সূত্র :

ক। স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং ৪৪.০০.০০০০.০৭৮.০৬.০৫৮.১৭.১৪৯ তারিখ ১৮ জুলাই ২০১৭।

১। সূত্রস্থ স্মারকের চাহিদার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর ইনোভেশন টিমের ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন নিম্নে পেশ করা হলোঃ

ক। কাজের নামঃ সাধারণ জনগনের জন্য কোস্ট গার্ড বাহিনী কর্তৃক প্রদত্ত সেবা প্রাপ্তি দ্রুত ও সহজতরকরণের উদ্দেশ্যে 'কোস্ট গার্ড মোবাইল এ্যাপস' তৈরীকরণ।

- (i) শুরু তারিখ : ডিসেম্বর ২০১৬
- (ii) সমাপ্তির তারিখ : জুন ২০১৭
- (iii) মূল্যায়ন : সাধারণ জনগনের জন্য কোস্ট গার্ড বাহিনী প্রদত্ত সেবা প্রাপ্তি দ্রুত ও সহজতর হয়েছে এবং সেবা প্রাপ্তি সম্পর্কে বস্তুনিষ্ঠ ও ফলপ্রসূ তথ্য দ্রুত পাওয়া সম্ভব হচ্ছে।

খ। কাজের নামঃ অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়া সহজীকরণের অংশ হিসেবে কোস্ট গার্ড বাহিনীর জাহাজ/বোটসমূহের তথ্য সংরক্ষণ এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজের প্রতিবেদন প্রেরণে সফটওয়্যার প্রস্তুতকরণ ও ব্যবহার : ফেইজ-১।

- (iv) শুরু তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০১৭।
- (v) সমাপ্তির তারিখ : ১৯ এপ্রিল ২০১৭।
- (vi) মূল্যায়ন : নির্ধারিত লক্ষ্য অনুসারে কর্মপরিকল্পনা বাস্তবায়িত হয়েছে। কোস্ট গার্ড বাহিনী প্রকৌশল দপ্তরে চিঠিপত্র আদান-প্রদান দীর্ঘ সূত্রিতা হ্রাস পাচ্ছে, প্রতিটি জাহাজ ও ইকুইপমেন্ট এর ক্রয়, মেরামত ও ক্রটির তথ্যসমূহ দ্রুত জানা সম্ভব হচ্ছে। জাহাজের জন্য বিভিন্ন ধরনের প্রতিবেদন দ্রুততার সাথে প্রাপ্তি ও সিদ্ধান্ত গ্রহণ সহজতর হচ্ছে। প্রক্রিয়াধীন কাজকর্ম সর্বদা কার্যকর পর্যবেক্ষণে রাখা যাচ্ছে এবং এতদসংক্রান্ত নথিপত্রাদি সুরক্ষিতভাবে সংরক্ষণ করা সম্ভব হচ্ছে।

গ। কাজের নামঃ অভ্যন্তরীণ কর্মপরিকল্পনা সহজীকরণের অংশ হিসেবে কোস্ট গার্ড বাহিনীর স্টেশন/আউটপোস্টে 'INTEGRATED SOLAR SYSTEM' চালুকরণ।

- (i) শুরু তারিখ : ০১ মার্চ ২০১৭।
- (ii) সমাপ্তির তারিখ : ১৮ মে ২০১৭।
- (iii) মূল্যায়ন : নির্ধারিত লক্ষ্য অনুসারে কর্মপরিকল্পনা বাস্তবায়িত হয়েছে। 'INTEGRATED SOLAR SYSTEM' স্থাপনে বিদ্যুৎ খরচ সাশ্রয়সহ বাংলাদেশ কোস্ট গার্ডের বিভিন্ন জোনসমূহ স্থাপিত যোগাযোগ যন্ত্রপাতি, ইলেকট্রিক ইকুইপমেন্ট ও রেফ্রিজারেটর ইত্যাদি আইটেম সার্বক্ষণিক সচল রাখা সম্ভব হচ্ছে। বর্ণিত Solar system টি আধুনিক মানের হওয়ায় তার মেরামত ও রক্ষণাবেক্ষণ সহজতর ও দীর্ঘস্থায়ী হচ্ছে। তাছাড়া স্টেশনের জনবলের মনোবল বৃদ্ধি, বাসস্থান ও জীবন যাত্রার মানউন্নয়নসহ অপারেশনাল কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করেছে।



মোঃ মনোয়ার হোসেন  
সদস্য সচিব  
পক্ষে, চিফ ইনোভেশন অফিসার  
কোস্ট গার্ড বাহিনী ইনোভেশন টিম